

---

## উচ্চশিক্ষা

# ছুটি কমিয়ে স্কুল-কলেজ খুলল, ফিরে এল শনিবার ছুটি

নিজস্ব প্রতিবেদক ঢাকা

---

এবার ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি শুরু হয়েছে ১৩ জুন থেকে, যা চলার কথা ছিল ২ জুলাই পর্যন্ত। কিন্তু ছুটি সংক্ষিপ্ত করার কারণে আজ বুধবার (২৬ জুন) থেকেই এসব প্রতিষ্ঠান খুলে দেওয়া হয়েছে। আর শুক্রবারের পাশাপাশি শনিবারও সাপ্তাহিক ছুটি থাকবে। গত বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় এসব সিদ্ধান্তের কথা জানায়।

শিক্ষাপঞ্জি অনুসারে এবার পবিত্র ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি শুরু হয়েছে ১৩ জুন, যা চলার কথা ছিল ২ জুলাই পর্যন্ত। এবার গ্রীষ্মের ছুটি এক সপ্তাহ কমতে পারে বলে আগেই ইঙ্গিত দেওয়া হয়েছিল। ছুটি সংক্ষিপ্ত করার কারণ হিসেবে শিক্ষা মন্ত্রণালয়ের যুক্তি হলো পাঠদানের কর্মদিবস বছরব্যাপী কমেছে। এ ছাড়া শনিবারের বন্ধ পুনর্বহাল রাখার কারণে কর্মদিবস কমে যাবে। তাই গ্রীষ্মের ছুটি কমানো হয়েছে।

বছরের শুরুতে শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটির তালিকা, বিভিন্ন পরীক্ষা ও মূল্যায়নের সূচি ঘোষণা করে শিক্ষা মন্ত্রণালয়। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে স্কুল এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটির তালিকা প্রকাশ করা হয়।

## প্রাথমিক খুলবে ৩ জুলাই

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান খুললেও ছুটি থাকছে প্রাথমিক বিদ্যালয়গুলো। কারণ, প্রাথমিকে ছুটি কমেনি। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী, শিক্ষাপঞ্জি হিসেবে আগামী ২ জুলাই পর্যন্ত বন্ধ থাকবে প্রাথমিক বিদ্যালয়। ৩ জুলাই যথারীতি শুরু ক্লাস শুরু হবে। একই সঙ্গে এখন থেকে স্কুল-কলেজে সাপ্তাহিক ছুটি শুক্র ও শনিবার দুই দিনই বহাল থাকবে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

